গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬৯/২০১৯-২০২০
ঢাকা ১৭ ফেব্রুয়ারি সোমবার ২০২০, ৪ ফাল্গুন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণে আরো অর্থ বরাদ্দে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
২। চীনে করোনাভাইরাসে প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রীর শোক
মুজিববর্ষে চীনের প্রেসিডেন্টকে আমন্ত্রণ
৩। করোনাভাইরাসের আতঙ্কে হুবেইয়ে আটকেপড়া ১৭১ বাংলাদেশিকে ফেরানোর কাজ চলছে : পররাষ্ট্রমন্ত্রী
৪। প্রধানমন্ত্রীর সঙ্গে কাতারের প্রতিমন্ত্রীর সাক্ষাৎ
বাংলাদেশ থেকে দক্ষ জনশক্তি নিয়োগে আগ্রহ প্রকাশ
৫। প্রতিবেশীদের সঙ্গে সংযোগ শক্তিশালী করার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
৬। সাবেক প্রতিমন্ত্রী রহমত আলীর মৃত্যুতে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পিকারের শোক
৭। রাজাকার তালিকা তৈরিতে আবারও চিঠি দেওয়া হচ্ছে : সংসদে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৮। পেঁয়াজ উৎপাদনে কৃষকদের ১৩২ কোটি টাকা সহায়তার পদক্ষেপ নিয়েছে সরকার : সংসদে কৃষিমন্ত্রী
৯। সরকার ইটভাটাগুলোকে জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব
উন্নত প্রযুক্তিতে রূপান্তরের লক্ষ্যে কাজ করে যাচ্ছে : পরিবেশমন্ত্রী
১০। কাজের গতি বাড়াতে মন্ত্রিসভায় রদবদল
খালেদা জিয়ার বিষয়টি আদালতের এখতিয়ার : সেতুমন্ত্রী
১১। সরকার কোরআন সুন্নাহবিরোধী কিছুই করে না : কিশোরগঞ্জে স্বরাষ্ট্রমন্ত্রী
১২। আবেদন করলেই খালেদা জিয়া প্যারোলে মুক্তি পাবেন বিষয়টি সেরকম নয় : তথ্যমন্ত্রী
১৩। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে প্যারোলে মুক্তি পেতে দরখাস্ত করতে হবে : আইনমন্ত্রী
১৪। বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার প্যারোলে মুক্তি পেতে
আবেদন করতে হবে : জামালপুরে তথ্য প্রতিমন্ত্রী
১৫। নদী দখল ও দূষণ রোধে তৃতীয় মাস্টার প্ল্যান হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী
১৬। হাওড় অঞ্চলসহ দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করছে সরকার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
১৭। চট্টগ্রাম সিটির ভোট ২৯ মার্চ
একই দিন বগুড়া ও যশোরে উপনির্বাচন

১। **কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণে আরো অর্থ বরাদ্দে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দক্ষ এবং যোগ্যতা সম্পন্ন প্রজন্ম গড়ে তোলায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের জন্য আরো বেশি অর্থ বরাদ্দের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন যাতে তারা চাকরির পেছনে না গিয়ে নিজেরা উদ্যোক্তা হতে পারে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ৬ষ্ঠ উপদেষ্টা কমিটির বৈঠকে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, আমরা মেধাবী কিন্তু দরিদ্র শিক্ষার্থীদের স্বাবলম্বী করে তোলার সঙ্গে সঙ্গে তাদের পরিবারকে আরো উন্নত করতে শিক্ষাগত সহায়তা প্রদানের জন্য এই ট্রাস্ট গঠন করেছি। উপবৃত্তি সংক্রান্ত তথ্য আপডেট করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের এ বিষয়ে দায়িত্ব প্রদানের নির্দেশনাও প্রদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **চীনে করোনাভাইরাসে প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রীর শোক**
**মুজিববর্ষে চীনের প্রেসিডেন্টকে আমন্ত্রণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনে করোনাভাইরাসে প্রাণহানির ঘটনায় শোক জানিয়েছেন। চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে পাঠানো এক শোকবার্তায় প্রধানমন্ত্রী দ্রুত সময়ের মধ্যে দেশটি এ সংকট কাটিয়ে উঠতে পারবে বলেও আশা প্রকাশ করেছেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে চীনা রাষ্ট্রদূতের লি জিমিং এর সঙ্গে বৈঠককালে শি জিনপিংকে লেখা প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিঠিটি হস্তান্তর করেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। শুভেচ্ছা স্বরূপ প্রধানমন্ত্রী কিছু মাস্ক ও চিকিৎসা সামগ্রী পাঠিয়েছেন বলে তিনি জানান। প্রধানমন্ত্রী চীন সরকার কর্তৃক দেশটিতে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের সঠিকভাবে সেবা প্রদানেরও প্রশংসা করেন। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর আয়োজনে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

৩। **করোনাভাইরাসের আতঙ্কে হুবেইয়ে আটকেপড়া ১৭১ বাংলাদেশিকে ফেরানোর কাজ চলছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, করোনাভাইরাসের কারণে চীনের হুবেই প্রদেশে আটকেপড়া ১৭১ বাংলাদেশিকে ফেরানোর কাজ চলছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ঢাকায় চীনা রাষ্ট্রদূত লি জিমিং সাক্ষাৎ করেন। চীনা রাষ্ট্রদূতের উপস্থিতে এক সংবাদসম্মেলনে তিনি একথা জানান। এছাড়া, করোনাভাইরাস শনাক্ত করার জন্য বাংলাদেশে ৫০০টি টেস্ট কিট পাঠাচ্ছে চীন। পররাষ্ট্রমন্ত্রীর হাতে এ কিট আসার নথি তুলে দেন চীনা রাষ্ট্রদূত। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (পৃ.১,ক.২) ।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে কাতারের প্রতিমন্ত্রীর সাক্ষাৎ**
**বাংলাদেশ থেকে দক্ষ জনশক্তি নিয়োগে আগ্রহ প্রকাশ**

প্রধানমন্ত্রী শেখ হাসনিার সঙ্গে সৌজন্য সাক্ষাতে কাতারের সফররত প্রতিমন্ত্রী সুলতান বিন সাদ আল-মুরাইখি বাংলাদেশ থেকে দক্ষ জনশক্তি নিয়োগে আগ্রহ প্রকাশ করেছেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর জাতীয় সংসদ কার্যালয়ে বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, বাংলাদেশে কাতারের প্রতিমন্ত্রীকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আমরা মুসলিম দেশগুলোর সঙ্গে সম্পর্ককে গুরুত্ব দিই এবং আমরা একত্রে উন্নয়নের ক্ষেত্রগুলো খুঁজে দেখতে পারি। এছাড়া, প্রধানমন্ত্রী কাতারের আমিরকে মুজিববর্ষে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

৫। **প্রতিবেশীদের সঙ্গে সংযোগ শক্তিশালী করার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রতিবেশীদের সঙ্গে সংযোগ শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এ অঞ্চলের দেশগুলোর আরও উন্নয়নে সংযোগ খুবই গুরুত্বপূর্ণ। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত ড. বংশীধর মিশ্র সৌজন্য সাক্ষাতে এলে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৬।	সাবেক প্রতিমন্ত্রী রহমত আলীর মৃত্যুতে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পিকারের শোক**

সাবেক সংসদ সদস্য, প্রতিমন্ত্রী ও আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য রহমত আলী গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর স্কয়ার হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তাঁর মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। পৃথক শোকবার্তায় তাঁর রুহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান তাঁরা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৭।	রাজাকার তালিকা তৈরিতে আবারও চিঠি দেওয়া হচ্ছে : সংসদে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, রাজাকারের তালিকা তৈরি করতে মুক্তিযুদ্ধকালীন কমান্ডার ও প্রকৃত মুক্তিযোদ্ধাদের সহায়তায় উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। এ লক্ষ্যে জেলা প্রশাসকদের নতুন করে চিঠি দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে গত বছরের ২৮ এপ্রিল জেলা প্রশাসকদের কাছে তালিকা সংগ্রহের জন্য চিঠি দেওয়া হয়। এর পরিপ্রেক্ষিতে ১২ জন জেলা প্রশাসক মাত্র ৩৯৯ জনের একটি আংশিক তালিকা পাঠিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩)।

**৮।	পেঁয়াজ উৎপাদনে কৃষকদের ১৩২ কোটি টাকা সহায়তার পদক্ষেপ নিয়েছে সরকার : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, পেঁয়াজ উৎপাদনে কৃষকদের ১৩২ কোটি টাকা সহায়তার পদক্ষেপ নিয়েছে সরকার। রাজস্ব খাতের আওতায় ২৮৪০টি প্রদর্শনীর মাধ্যমে কৃষকের ৩৯২ হেক্টর জমিতে পেঁয়াজ চাষের পরিকল্পনা নেয়া হয়েছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ সরবরাহসহ পেঁয়াজ চাষে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পেঁয়াজ, আদা, রসুনসহ দেশে উৎপাদনযোগ্য সকল ফসলের উৎপাদনে সরকার প্রণোদনার মাধ্যমে ভর্তুকি প্রদান করছে। পেঁয়াজ উৎপাদনে বিনামূল্যে সার ও বীজ প্রদান করা হচ্ছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৮), **ফিনাশিয়াল এক্সপ্রেস** ( শেষ পৃ,ক.১)।

**৯।	সরকার ইটভাটাগুলোকে জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব**
**উন্নত প্রযুক্তিতে রূপান্তরের লক্ষ্যে কাজ করে যাচ্ছে : পরিবেশমন্ত্রী**

শুষ্ক মৌসুমে অর্থাৎ সেপ্টেম্বর থেকে মার্চ পর্যন্ত বায়ু দূষণের মাত্রা ক্রমান্বয়ে বেড়ে যায় বলে সংসদে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন। তিনি বলেন, ২০০২ থেকে ২০১৯ পর্যন্ত বায়ুমানের ডাটা পর্যালোচনা করে দেখা যায়, ২০১৬ থেকে ২০১৯- এ তিন বছর বায়ুমান বেশি খারাপ হয়েছে। এ সময় বিভিন্ন বড় অবকাঠামো নির্মাণ কর্মকান্ড বৃদ্ধি পাওয়ায় এমনটি ঘটেছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সংসদে এক প্রশ্নের লিখিত জবাবে এ তথ্য জানান পরিবেশমন্ত্রী। তিনি আরো জানান, পরিবেশ অধিদফতর দেশে বিদ্যমান ইটভাটাগুলোকে জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব উন্নত প্রযুক্তিতে রূপান্তরের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১০।	কাজের গতি বাড়াতে মন্ত্রিসভায় রদবদল**
**খালেদা জিয়ার বিষয়টি আদালতের এখতিয়ার : সেতুমন্ত্রী**

সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকারের কাজের গতি বাড়াতে মন্ত্রিসভায় রদবদল করা হয়েছে। এ মুহূর্তে আর রদবদলের সম্ভাবনা নেই। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে সমসাময়িক বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। দুর্নীতির মামলায় সাজা নিয়ে কারাবন্দী খালেদা জিয়াকে প্যারোলে মুক্তির বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী বলেন, খালেদা জিয়ার মুক্তি দেয়া নিয়ে পর্দার আড়ালে কিছু হচ্ছে না। খালেদা জিয়ার বিষয়টি আদালতের এখতিয়ার, এটি কোনো রাজনৈতিক মামলা নয়। দুর্নীতির মামলা আদালতের এখতিয়ার। মানবিক বিবেচনা করতে পারে একমাত্র আদালত। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **বণিক বার্তা** ( শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১১।	সরকার কোরআন সুন্নাহবিরোধী কিছুই করে না : কিশোরগঞ্জে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, সরকার কোরআন সুন্নাহবিরোধী কিছুই করে না। এ সরকার ওলামা-মাশায়েখদের দাবি অনুযায়ী কওমি মাদ্রাসার স্বীকৃতি দিয়েছে। যার নজির পৃথিবীর কোনো দেশে নেই। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) কিশোরগঞ্জের তাড়াইল উপজেলার ইছাপশর-বেলংকা জামিয়াতুল ইসলাহ আল্ মাদানীয়া মাদ্রাসা মাঠে আয়োজিত তিন দিনব্যাপী ইজতেমায় আখেরি মোনাজাতের আগে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮)।

**১২।	আবেদন করলেই খালেদা জিয়া প্যারোলে মুক্তি পাবেন বিষয়টি সেরকম নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. মো. হাছান মাহ্‌মুদ বলেছেন, আবেদন করলেই খালেদা জিয়া প্যারোলে মুক্তি পাবেন বিষয়টি সেরকম নয়। খালেদা জিয়ার প্যারোলে মুক্তি আদৌ প্রয়োজন আছে কিনা সেটাও দেখতে হবে। কারণ তিনি বঙ্গবন্ধু মেডিকেলে সর্বোচ্চ চিকিৎসা সেবা পাচ্ছেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির অডিটোরিয়ামে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, প্যারোল হচ্ছে বিশেষ ব্যবস্থায় মুক্তি। বিভিন্ন বন্দিকে প্যারোলে মুক্তি দেয়া হয়। এটি কোনভাবেই আইনের মাধ্যমে মুক্তি দেয়া নয়। এটি একটা প্রশাসনিক ব্যবস্থা। কারো নিকটাত্নীয় স্বজল মৃত্যুবরণ করলে বা অন্য কোনো বিশেষ কারণে নানা সময় প্যারোলে মুক্তি দেয়া হয়। বেগম খালেদা জিয়া স্বাস্থ্যগত কারণে প্যারোলে মুক্তি চান কিনা সেটা স্পষ্ট নয়। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**১৩।	বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে প্যারোলে মুক্তি পেতে দরখাস্ত করতে হবে : আইনমন্ত্রী**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির বিষয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, প্যারোলে মুক্তির বিষয়ে সুনির্দিষ্ট আইন ও বিধিমালা রয়েছে এবং সেখানে পরিষ্কারভাবে বলা আছে, কোন পদ্ধতিতে মুক্তির জন্য কোথায় কীভাবে দরখাস্ত করতে হবে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর সোনারগাঁও হোটেলে বাংলাদেশের নাগরিক সমাজ সংস্থাগুলোর জন্য প্রণীত আইনবিষয়ক ম্যানুয়ালের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, খালেদা জিয়ার প্যারোলে মুক্তির বিষয়ে আইনি প্রক্রিয়া মেনে চলতে হবে। তাই প্যারোলে মুক্তির জন্য খালেদা জিয়াকে দরখাস্ত এবং সব নিয়মকানুন মানার পরই সরকার এ বিষয়ে চিন্তাভাবনা করতে পারে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১৪।	বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার প্যারোলে মুক্তি পেতে আবেদন করতে হবে : জামালপুরে তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেছেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া দুর্নীতির মামলায় কারাগারে রয়েছেন। খালেদা জিয়া প্যারোলে মুক্তি পেতে চাইলে তাকে আবেদন করতে হবে। অন্যথায় আদালতের রায়ে যেভাবে আছে, তাই বাস্তবায়ন হবে। এখানে সরকারের কিছু করার নেই। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) জামালপুরে ভূমি অফিস মাঠে অনুষ্ঠিত তথ্যমেলায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫),**যুগান্তর** (পৃ.২,ক.৫)।

**১৫।	নদী দখল ও দূষণ রোধে তৃতীয় মাস্টার প্ল্যান হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, নদী দখল ও দূষণ রোধ এবং নাব্য বৃদ্ধির জন্য তৃতীয় মাস্টার প্ল্যান প্রণয়ন করা হচ্ছে। পদ্মা, মেঘনা, তুরাগ ও পুংলী নদীর দখল এবং দূষণ রোধে এ উদ্যোগ নেওয়া হয়েছে। এর আগে বুড়িগঙ্গা, ধলেশ্বরী, বালু, শীতলক্ষ্যাসহ ঢাকার চারপাশের নদীগুলোর জন্য একটি এবং কর্ণফুলী নদীর জন্য একটি মাস্টার প্ল্যান অনুমোদন করা হয়েছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে নদীগুলোর দূষণ রোধ এবং নাব্য বৃদ্ধির জন্য মাস্টার প্ল্যান তৈরি-সংক্রান্ত কমিটির সভাশেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১),**সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১৬।	হাওড় অঞ্চলসহ দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করছে সরকার : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, দেশের উন্নয়ন ও পরিবেশ পরিবর্তন হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্রামকে শহর করার যে পরিকল্পনা নিয়েছেন তার বাস্তবতা হলো, হাওড়াঞ্চলের এলাকাগুলোর শিক্ষা ব্যবস্থার উন্নয়ন। সরকার

হাওড় এলাকায় এখন বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে মেডিকেল কলেজ পর্যন্ত নির্মাণ করছে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার ডুংরিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজের অডিটরিয়ামে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫) ।



**১৭। চট্টগ্রাম সিটির ভোট ২৯ মার্চ**
**একই দিন বগুড়া ও যশোরে উপনির্বাচন**

চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে ভোট গ্রহণ করা হবে আগামী ২৯ মার্চ। একই দিন বগুড়া-১ ও যশোর-৬ আসনের উপনির্বাচনেও ভোটগ্রহণ করা হবে। চট্টগ্রাম সিটি করপোরেশনে ভোট হবে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম)। অন্য দুই সংসদীয় আসনে ভোট হবে কাগজের ব্যালটে। গতকাল (১৬ ফেব্রুয়ারি রোববার) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব মো. আলমগীর এসব নির্বাচনের তফসিল ঘোষণা করেন। ঘোষিত তফসিল অনুয়ায়ী, মনোনয়নপত্র দাখিল করা যাবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। মনোনয়ন বাছাই হবে ১ মার্চ। মনোনয়ন নিয়ে আপিল করা যাবে ২ থেকে ৪ মার্চ পর্যন্ত। আর মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময় ৮ মার্চ। প্রতীক বরাদ্দ ৯ মার্চ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** উচ্চমাত্রায় ট্রান্স ফ্যাট গ্রহণে সার্বিকভাবে মৃত্যুঝুঁকি ৩৪ শতাংশ বৃদ্ধি পায় এক গবেষণায় এ তথ্যের কথা উল্লেখ করে সকল খাদ্যপণ্যে ট্রান্স ফ্যাটের পরিমাণ ২ শতাংশ বেঁধে দেয়ার পাশাপাশি ট্রান্স ফ্যাটের প্রধান উৎস ডালডা/বনস্পতি উৎপাদন, আমদানি, ব্যবহার নিষিদ্ধের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সুপারিশ।

খ. **সমকাল :** এবার বসন্তবরণ ও বিশ্ব ভালোবাসা দিবসের বিশেষ দিনে অতীতের চেয়ে কয়েক গুণ বেশি ফুল বেচাকেনা হয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ফুল চাষের এ বাণিজ্যিক সম্ভাবনাকে কাজে লাগাতে দীর্ঘমেয়াদি পরিকল্পনার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যায়যায়দিন :** রাজধানীতে মশার উপদ্রব বাড়ার সাথে সাথে বাড়ছে ডেঙ্গুর আতংক উল্লেখ করে ডেঙ্গু প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার পরামর্শ।

**ঘ.** **জনকণ্ঠ** : কাপ্তাই লেকে নৌকা ডুবে ছয় পর্যটকের মৃত্যুর ঘটনাটি মর্মান্তিক উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সতর্কতামূলক ব্যবস্থার আহ্বান।

**ঙ.** **যুগান্তর** : শেরেবাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে প্রায় দু’মাস এনজিওগ্রাম মেশিন বিকল থাকার সংবাদ অনভিপ্রেত উল্লেখ করে মেশিনটি দ্রুত মেরামত অথবা নতুন একটি মেশিন প্রতিস্থাপন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **ইন্ডিপেনডেন্ট** : রাজধানীতে বায়ুদূষণ বেড়ে যাওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **নিউ এজ :** বাংলাদেশে করোনাভাইরাস প্রতিরোধে সতর্কতার পরামর্শ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশুর পরিপূর্ণ সুস্থতা তথা শারীরিক, মানসিক, সামাজিক, নৈতিক বিকাশে প্রয়োজন মা-বাবার শিশুর প্রতি প্রকৃত মনোযোগ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘উচ্চশিক্ষা কেন গুরুত্বপূর্ণ’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নিজেকে তৈরি করতে, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে অংশগ্রহণ করতে উচ্চশিক্ষার বিকল্প নেই।

#

মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা